THE DAILY STAR

তারিখ AUG: 26 1999
পৃষ্ঠা ... কলাম ...

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সিলেট–৩১১৪, বাংলাদেশ

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের নিম্নোক্ত পদে লোক নিয়োগ করার লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| | বিভাগ/দপ্তর/বিষয় | পদ | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | ইংরেজি | সহকারী অধ্যাপক/প্রভাষক | ০১ (এক) জন | ছুটিজনিত শূন্য পদ। |
| ০২। | পলিটিক্যাল স্টাডিজ এন্ড পাবলিক এফেয়ার্স | ক) সহকারী অধ্যাপক/প্রভাষক | ০২ (দুই) জন | স্থায়ী। |
| | | খ) সহকারী অধ্যাপক/প্রভাষক | ০১ (এক) জন | ছুটিজনিত শূন্য পদ। |
| ০৩। | পরিবহণ | সহকারী অটোমেকানিক্স | ০১ (এক) জন | স্থায়ী। |

বেতন স্কেলঃ সহকারী অধ্যাপক ঃ টাকা ৭২০০–২৬০X১৪–১০৮৪০/–

প্রভাষক ঃ টাকা ৪৩০০–১৮৫X৭–৫৫৯৫– ইবি–১৯৫X১১–৭৭৪০/–

সহকারী অটোমেকানিক্স ঃ টাকা ১৭৫০–৮০X৭–২৩১০–ইবি–৯০X১১–৩[illegible]০/–

যোগ্যতাঃ সহকারী অধ্যাপক

০১। প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মান ও মাস্টার্স পরীক্ষায় কোন একটিতে প্রথম শ্রেণীর ডিগ্রি থাকতে হবে।

০২। কোন বিশ্ববিদ্যালয়/কোন সরকারী কলেজে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বৎসরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত ০১ নং ও ০২ নং এর যে কোন একটি শর্ত এবং এমফিল বা সমমানের ডিগ্রির জন্য ০১ নং শর্ত শিথিলযোগ্য।

০৪। এমফিল বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে প্রথম বিভাগ/শ্রেণী থাকলে সে ক্ষেত্রে ০২ (দুই) বৎসর এবং কোন পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকলে ০১ (এক) বৎসর অভিজ্ঞতা শিথিলযোগ্য।

০৫। কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

প্রভাষকঃ

০১। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক সম্মান ও মাস্টার্স পরীক্ষায় যে কোন একটিতে প্রথম শ্রেণীর ডিগ্রি থাকতে হবে।

০২। পিএইচডি অথবা এমফিল বা সমমানের প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত ০১ নং শর্ত শিথিলযোগ্য।

০৩। কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

সহকারী অটোমেকানিক্সঃ

যোগ্যতাঃ এসএসসি পাস।

অভিজ্ঞতাঃ পেট্রোল ও ডিজেল চালিত হালকা ও ভারী ইঞ্জিনসহ মিটসুবিসি, টাটা ও ইসুজু বাসের ইঞ্জিন ওভারহোলিং–এ ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

বয়সঃ ন্যূনতম ৩০ (ত্রিশ) বৎসর।

অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

আবেদনপত্র জমাদান

রেজিস্ট্রারের অনুকূলে সোনালী ব্যাংক শাবিপ্রবি শাখার উপর সহকারী অধ্যাপক/প্রভাষক পদের জন্য ৭৫/– (পঁচাত্তর) টাকার এবং সহকারী অটোমেকানিক্স পদের জন্য ২০/– (বিশ) টাকার ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে–অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) সকল সনদ পত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি, ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবিসহ শিক্ষকদের পদগুলোর জন্য ০৮ (আট) সেট এবং সহকারী অটোমেকানিক্স পদের জন্য ০৬ (ছয়) সেট দরখাস্ত নিম্নোক্ত তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখঃ ১৬–০৯–৯৯ ইং।

আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি কিংবা ০৪ (চার) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।

খামের উপর স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট বিভাগ ও পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

শিক্ষকদের প্রতিটি পদের বিপরীতে উপযুক্ত প্রার্থী পাওয়া গেলে পদের সংখ্যা নির্বিশেষে সর্বোচ্চ ০৩ (তিন) জন প্রার্থী বাছাই করে অপেক্ষমান তালিকায় রাখা হবে। কোন নির্বাচিত প্রার্থী যোগদানে ব্যর্থ হলে উপরোক্ত অপেক্ষমাণ তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ করা হবে এবং এ তালিকা ০৬ (ছয়) মাস পর্যন্ত বহাল থাকবে। পরবর্তীতে উল্লিখিত ০৬ (ছয়) মাসের মধ্যে নূতন পদ শূন্য হইলে উক্ত অপেক্ষমাণ তালিকা থেকে অগ্রাধিকার ভিত্তিতে নূতন শূন্য পদ পূরণ করা যাবে।

জামিল আহমদ চৌধুরী
রেজিস্ট্রার

জিডি–৭৬৫